



Contact:
Phone: 03472-223077
E-Mail : rmsanadia2015@gmail.com

District Project Office
RASHTRIYA MADHYAMIK SHIKSHA ABHIYAN
KRISHNAGAR, NADIA

পত্রাক: 181/RMSA

তারিখ: ০০/১২/১৭.

প্রধান/ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা
রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান অনুমোদিত বিদ্যালয়, নদিয়া।

বিষয়: নবম শ্রেণীর প্রথম ২০ জন ছাত্র-ছাত্রীদের রাষ্ট্রীয় বিজ্ঞান সংগ্রহালয়ে শিক্ষা মূলক ভ্রমণ।

মহাশয়/মহাশয়া,


বিজ্ঞান শিক্ষাকে ছাত্র-ছাত্রীদের মধ্যে জনপ্রিয় করবার ক্ষেত্রে বিজ্ঞান সংগ্রহালয়ে ভ্রমণ অতি প্রয়োজনীয়। বিজ্ঞানের জটিল তত্ত্বের প্রয়োগ মূলক প্রদর্শন এবং তা নিজে পরখ করে দেখবার সুযোগ কেবলমাত্র বিজ্ঞান সংগ্রহালয়ে পাওয়া সম্ভব। বিজ্ঞানের প্রতি আকর্ষণ বৃদ্ধি ও তার আনন্দদায়ক রূপকে সকলের সামনে তুলে ধরার লক্ষে রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের তরফ থেকে রাষ্ট্রীয় বিজ্ঞান সংগ্রহালয়ে ভ্রমণের উদ্যোগ নেওয়া হয়েছে। আর. এম. এস. এ. দ্বারা অনুমোদন প্রাপ্ত নদিয়া জেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান/ভারপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাদের অনুরোধ করা হচ্ছে যে, আপনার বিদ্যালয়ের আর. এম. এস. এ.-এর অ্যাকাউন্টে চার হাজার (৪০০০.০০) টাকা পাঠানো হয়েছে, অতিসত্ত্বর ভ্রমণ সম্পন্ন করার জন্য।

বিজ্ঞান সংগ্রহালয়ে ভ্রমণ সহায়ক নিম্নে উল্লেখিত নির্দেশাবলী সকল বিদ্যালয়কে আবশ্যিকভাবে মেনে চলতে হবে:-

১. শিক্ষামূলক ভ্রমণে প্রত্যেক ছাত্রের জন্য কেবলমাত্র ২০০.০০(দুইশত) টাকা করে, মোট কুড়ি জন ছাত্র-ছাত্রীর জন্য চার হাজার (৪০০০.০০) টাকা অনুমোদিত আছে।
২. কেবলমাত্র আর. এম. এস. এ.- অনুমোদিত পরিচালন সমিতি থাকলে এবং পূর্বে ভ্রমণের জন্য অনুমোদিত অর্থের সম্ব্যবহার পত্র জেলা প্রকল্প দপ্তরে জমা করলে তবেই সেই বিদ্যালয় এই ভ্রমণ অনুদান পাবে।
৩. অষ্টম শ্রেণীতে প্রাপ্ত বিজ্ঞান ও অঙ্কের মোট নম্বরের ভিত্তিতে নবম শ্রেণীতে পাঠরত প্রথম কুড়ি (২০) জনকে ভ্রমণের জন্য নির্বাচন করা যাবে।
৪. বিজ্ঞান সংগ্রহালয়ে ভ্রমণের জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীরা তাদের অভিভাবকের স্বাক্ষরিত অনুমতি পত্র, প্রধান শিক্ষকের কাছে অবশ্যই জমা দেবে।
৫. গাইড শিক্ষক হিসাবে কেবল মাত্র দুইজন সিনিয়র শিক্ষক/শিক্ষিকা সঙ্গে যেতে পারবেন। দলে ছাত্রী থাকলে অবশ্যই গাইড হিসাবে একজন শিক্ষিকা থাকবেন।
৬. প্রত্যেক ছাত্র-ছাত্রীর নাম, শ্রেণী, ক্রমিক নং, অভিভাবক/অভিভাবিকার নাম-ঠিকানা এবং ফোন নাম্বরের তালিকা তৈরী করে প্রধান শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর করে রাখতে হবে।
৭. ভ্রমণ শুরু এবং শেষে ছাত্র-ছাত্রীদের রোল কল অবশ্যই করতে হবে।
৮. বিজ্ঞান সংগ্রহালয়ে ভ্রমণের শুরুতে ও প্রয়োজনীয়তা আগে থেকেই ছাত্র-ছাত্রীদের অবগত করতে হবে।
৯. নিরাপদ ভ্রমণের উদ্দেশ্যে নিরাপত্তার প্রয়োজনীয় সকল ব্যবস্থা বিদ্যালয়কে করতে হবে এবং ভ্রমণের তারিখ অবশ্যই জেলা শাসক ও জেলা প্রকল্প আধিকারিক, আর. এম. এস. এ.- কে জানাতে হবে।
১০. ভ্রমণের প্রয়োজনীয় খরচ (বাজেট):
(ক) পরিবহন খরচ, (খ) খাবার খরচ, (গ) সংগ্রহালয়ের টিকিট খরচ ৫০টাকা, (ঘ) ফটোগ্রাফি/ভিডিওগ্রাফির জন্য খরচ।
১১. ফেব্রুয়ারী-২০১৮ এর মধ্যে ভ্রমণ সম্পন্ন করে ছবিসহ সম্ব্যবহার পত্র অতি-অবশ্যই জেলা আর. এম. এস. এ. অফিসে জমা করতে হবে।
১২. ভ্রমণ করা যাবে কেবল মাত্র- কলকাতা বিজ্ঞান নগরী, শিউলা বিজ্ঞান ও কারিগরী সংগ্রহশালা, বর্ধমান বিজ্ঞান কেন্দ্র, সারণাছি বিজ্ঞান কেন্দ্র (মুর্শিদাবাদ)।

বি.দ্র. : সম্ব্যবহার পত্র নির্দিষ্ট সময়ের মধ্যে জমা না দিতে পারলে পরবর্তী বছরের অর্থ অনুমোদিত হবে না।

সংযোজন: অনুমোদিত ২১৫টি বিদ্যালয়ের তালিকা সংযোজিত করা হ'ল।



জেলা প্রকল্প আধিকারিক
রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান, নদিয়া।

তারিখ: ০০/১২/১৭.

পত্রাক: 181/RMSA

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:-

১. কর্মাধ্যক্ষ-শিক্ষা, নদিয়া জেলা পরিষদ।
২. জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক), বিদ্যালয়গুলিকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।
৩. আঙ্গ-সহায়ক, সভাপতি, নদিয়া জেলা পরিষদ।
৪. ব্যক্তিগত সহায়ক, জেলা শাসক, নদিয়া।
৫. ব্যক্তিগত সহায়ক, অতিরিক্ত জেলা শাসক(সাধারণ), নদিয়া।
৬. অতিরিক্ত বিদ্যালয় জেলা পরিদর্শক (মাধ্যমিক), রানাঘাট, বিদ্যালয়গুলিকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।
৭. অতিরিক্ত বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক), সদর, তেহট্ট, কল্যাণী মহকুমা, বিদ্যালয়গুলিকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।
৮. অপর বিদ্যালয় পরিদর্শক, সকল চক্র সম্পদ কেন্দ্র, বিদ্যালয়গুলিকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।


জেলা প্রকল্প আধিকারিক
রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান, নদিয়া।